



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল : dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট : www.rakub.org.bd

ঋণ/অবি-১ সার্কুলার লেটার নং-০৩/২০১৯

তারিখ: ০৫.১১.২০১৯

১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
২. সহকারী মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
৩. সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: ঋণ পুনঃতফসিলিকরণের অনুমোদন ক্ষমতা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে গত ১৮.০৪.২০১৯ তারিখে ঋণ/অবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে জারীকৃত 'লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত 'লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১৬তম অধ্যায়ের ১৬.৪ নম্বর অনুচ্ছেদে ঋণ পুনঃতফসিলিকরণের অনুমোদন ক্ষমতা প্রসঙ্গে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“মূল ঋণ মঞ্জুরকারি কর্তৃপক্ষ পুনঃতফসিল প্রস্তাব অনুমোদন করবেন।”

উল্লেখ্য, ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৩.০৬.২০১৩ তারিখে ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালা বিষয়ে জারীকৃত সার্কুলার লেটার নং-০২/২০১৩ এর ৬নং অনুচ্ছেদে ঋণ মঞ্জুরকারি কর্তৃপক্ষকে ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষমতা অর্পন করা হয়। এছাড়াও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা (Business' Delegation) পুনঃনির্ধারণ করে ১৫.১১.২০১৭ তারিখে সার্কুলার নং-০৯/২০১৭ মাঠ পর্যায়ে জারী করা হয়। ব্যবসায়িক ক্ষমতা সংক্রান্ত উল্লিখিত সার্কুলারের মাধ্যমে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ঋণ পুনঃতফসিল সংক্রান্ত এ বিভাগের ০৩.০৬.২০১৩ তারিখের ০২/২০১৩ নম্বর সার্কুলার লেটারে মূল ঋণ মঞ্জুরকারি কর্তৃপক্ষ কর্তৃক ঋণ পুনঃতফসিল করার নির্দেশনা থাকায় আলোচ্য ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরকৃত হওয়ার কারণে মাঠ পর্যায়ে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। তৎপ্রেক্ষিতে অনেক পুনঃতফসিলযোগ্য ঋণ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের বর্তমান ঋণ মঞ্জুরি ক্ষমতার মধ্যে হওয়া সত্ত্বেও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হচ্ছে। একারণে ঋণ পুনঃতফসিল প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।

এ সমস্যা নিরসন এবং ঋণ পুনঃতফসিল প্রক্রিয়া গতিশীল ও তরাস্বিত করার লক্ষ্যে গত ১৩.১০.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০৪তম সভার অনুমোদনক্রমে 'লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১৬তম অধ্যায়ের ১৬.৪ নম্বর অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“পুনঃতফসিলযোগ্য ঋণের ক্ষেত্রে ঋণটি যে কর্তৃপক্ষ কর্তৃক পূর্বে মঞ্জুরিকৃত হয়ে থাকুক না কেন, বর্তমান ব্যবসায়িক ক্ষমতার আওতায় ঋণ মঞ্জুরির ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ ঋণ পুনঃতফসিল প্রস্তাব অনুমোদন করবেন।”

(চলমান পাতা-২)

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০৩/২০১৯

তারিখ: ০৫.১১.২০১৯

ইহা অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত




(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৪/২০১৯-২০২০/৪০৩(৪৫৪)

তারিখ: ০৫.১১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৯। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। অফিস নথি/মহানথি।



(মোঃ হুসাইন উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা